FEB 18 2001

# চবি শিক্ষক সমিতির নির্বাচনে গোলাপী প্যানেলের জয়লাভ

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে মুক্তিযুদ্ধের 'সপক্ষের গোলাপী প্যানেল জয়ী হয়েছে। ১১ সদস্যের নির্বাহী কমিটিতে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ মোট ১০টি পদে তারা নির্বাচিত হয়েছেন। বিএনপি ও জামায়াতপন্থী সাদা প্যানেলের একমাত্র বিজয়ী হলেন ড. ইউসুফ শরীফ শাহজাহান খান।

গোলাপী প্যানেলের বিজয়ীরা হলেন ড. ইফতেখার উদ্দিন চৌধুরী (সভাপতি), প্রফেসর বেনু কুমার দে (সহ-সভাপতি), মোঃ এমদাদুল হক (সাধারণ সম্পাদক), হোসাইন কবির (কোষাধ্যক্ষ), আনোয়ারুল কবীর রুমি (যুগ্ম-সম্পাদক), প্রফেসর নাসির উদ্দিন আহমদ (সদস্য), ড. মোঃ আবদুল গফুর খান (সদস্য), ড. মোঃ মনিরুজ্জামান (সদস্য), ড. মোঃ মাহবুবুল হক (সদস্য) ও ড. শায়রুল মাশরেক (সদস্য)। ড. মোঃ মনিরুজ্জামান সর্বোচ্চ ভোট (২৪৭) পান।

মোট ৫৩৬ ভোটারের মধ্যে ৩৯৯ জন শিক্ষক তাদের ভোট প্রদান করেন। ভোটারদের অনুপস্থিতি ছিল চোখে পড়ার [illegible]।